

অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ মডস জোন-৯



নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৪.৯৯.১৩০.২২

বিষয়: হোল্ডিং নং-খ-১৭৯, খিলক্ষেত টানপাড়া, ঢাকা এর বাসিন্দাদের যাতায়াতের রাস্তা সংক্রান্ত আবেদন প্রসংগে।

অনুচ্ছেদ: ১.০

উপর্যুক্ত বিষয় ও পত্র ক্রমিক নং-০১ সদয় দেখা যেতে পারে। উক্ত আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে সাইট পরিদর্শনকালে দেখা যায় যে, নিকুঞ্জ-১ পানির পাম্প কম্পাউন্ড ঢাকা ওয়াসা নির্মিত বাউন্ডারী ওয়াল দ্বারা পরিবেষ্টিত। উক্ত বাউন্ডারী ওয়ালের মধ্যে ঢাকা ওয়াসার স্থাপনা ব্যতিত অন্য কোন স্থাপনা নাই। অর্থাৎ আবেদনকারী কর্তৃক উল্লেখিত হোটেলটি ঢাকা ওয়াসার বাউন্ডারী ওয়ালের বাইরে অবস্থিত। বাউন্ডারী ওয়ালের বাইরে ঢাকা ওয়াসার কোন জমি আছে কিনা এতদসংক্রান্ত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে নথিটি উপ-সচিব (ভূমি), ভূমি বিভাগ, ঢাকা ওয়াসা বরাবর প্রেরণ করা যেতে পারে।

সংযুক্তি	
১	আবেদন পত্র।

 ১১-১২-২০ ২২ ১৬ :৫১:১৩ মোঃ মনিরুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৯	 ১১-১২-২০ ২২ ০ :৩৬ :২৩ এ.বি.এম সাইফুর রহমান সহকারী প্রকৌশলী মডস জোন-৯	 ১১-১২-২০ ২২ ৮:৪২:৫২ মোঃ মোজাহিদুর রহমান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৯	 ১১-১২-২০ ২২ ১৪:৫২:২৬ শামীম নাজিম উপ-সচিব ভূমি বিভাগ
			 ১৬-১২-২০ ২২ ৭:৫৫:৪০ মোঃ খবির হোসেন সহকারী সচিব (চলতি দায়িত্ব) ভূমি বিভাগ
			 ১৬-১২-২০ ২২ ৭:৫৫:৪০ মোঃ সাইয়ুন ইসলাম সার্ভেয়ার ভূমি বিভাগ

অনুচ্ছেদ: ১.১

নোটানুচ্ছেদ ১.০ এর পরিপ্রেক্ষিতে ভূমি বিভাগ হতে বর্ণিত গভীর নলকূপের জমিটি সরেজমিনে পরিমাপ ও পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কালে দেখা যায় যে, নিকুঞ্জ-২ এলাকাস্থ ১ নং রোডের পূর্ব পার্শ্বে নিকুঞ্জ-১ গভীর নলকূপটি রয়েছে। বর্ণিত গভীর নলকূপ কম্পাউন্ডের চারদিকে সীমানা প্রাচীর নির্মিত রয়েছে। উত্তরে ১ নং রোড, দক্ষিণে ৪ তলা আবাসিক ভবন, পূর্বে টিনশেড কাঁচা বাজার, এবং পশ্চিম-উত্তর পার্শ্বে সেমিপাকা হোটেল ও পশ্চিম-দক্ষিণ পার্শ্বে আবেদনকারী জনাব হামিদুল ইসলাম গং এর টিনশেড ঘর রয়েছে (গুগল ম্যাপ সংযুক্ত)।

সংযুক্তি	
১	গুগল ম্যাপ সংযুক্ত

অনুচ্ছেদ: ১.২

সরেজমিনে পরিদর্শনকালে খোঁজ নিয়ে জানা যায় যে, বর্ণিত নিকুঞ্জ-১ গভীর নলকূপটি আনুমানিক ২০০০/২০০১ সালের

দিকে ঢাকা ওয়াসা কর্তৃক স্থাপন করা হয়েছে। জনাব হামিদুল ইসলাম গং এর জমিতে প্রবেশের বিকল্প পথ না থাকায় বর্তমানে ঢাকা ওয়াসার গভীর নলকূপ কম্পাউন্ডের মেইন গেইট দিয়ে প্রবেশ করে পশ্চিম পাশের সীমানা প্রচীরে একটি ছোট গেটের মত জায়গা দিয়ে তার জমিতে যাতায়াত করেন।

অনুচ্ছেদ: ১.৩

নিকুঞ্জ-১ গভীর নলকূপের জমির মালিকানা সংক্রান্ত নথি ভূমি বিভাগে রক্ষিত নেই। ফলে বর্ণিত গভীর নলকূপ কম্পাউন্ডে কতটুকু জমি রয়েছে কিংবা কিভাবে ঢাকা ওয়াসা মালিকানা লাভ করেছে সে তথ্য না থাকায়, ঢাকা ওয়াসার জমি অবৈধভাবে দখল হয়েছে কিনা সে বিষয়ে মতামত প্রদান করা সম্ভব নয়।

অনুচ্ছেদ: ১.৪

এমতাবস্থায়, নিকুঞ্জ-১ গভীর নলকূপের জমির মালিকানা সংক্রান্ত কোন তথ্যাদি জরুরী পানি সরবরাহ প্রকল্প, ঢাকা ওয়াসায় থাকলে উক্ত তথ্যাদি ভূমি বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণের অনুরোধ জানিয়ে নথিখানা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ও প্রকল্প পরিচালক, জরুরী পানি সরবরাহ প্রকল্প, ঢাকা ওয়াসা বরাবর প্রেরণ করা যায়। সবিগ্নে পেশ করা হলো।